



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৮৯৮

তারিখ: ৮ তার্দ ১৪২৮

২৩ আগস্ট ২০২১

বিষয়: রাজশাহী বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে ৪১০০ মে.টন সংগৃহীত বোরো'২১ সিন্ধ চালের চলাচলসূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১৯/০৮/২০২১ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.২২৪.৮০.০০১.১৯.৩৮৬১ নং স্মারক, ১৯/০৮/২০২১ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.২২৪.৮০.০০১.১৯.৩৮৬২ নংনং স্মারক এবং ২২/০৮/২০২১ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.২২৪.৮০.০০১.১৯.৩৮৯৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোরো'২১ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার কতিপয় এলএসডি হতে মোট ৪১০০ মে.টন সংগৃহীত বোরো'২১ সিন্ধ চাল খালি জায়গা বিবেচনায় সুস্থ খাদ্য ব্যবস্থাপনার স্বার্থে বগুড়া জেলার সান্তাহার সিএসডি এবং পাবনা জেলার মুলাডুলি সিএসডিতে আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে চলাচলসূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী প্রস্তাবমতে বোরো'২১ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার কতিপয় এলএসডি হতে যথাক্রমে ২০০০ মে.টন ১১০০ মে.টন ও ১০০০ মে.টন সহ মোট ৪১০০ মে.টন সংগৃহীত বোরো'২১ সিন্ধ চাল আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে বগুড়া জেলার সান্তাহার সিএসডি এবং পাবনা জেলার মুলাডুলি সিএসডিতে ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিয়োক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নওগাঁ	মাতাজীহাট এলএসডি	বগুড়া	সান্তাহার সিএসডি	১০০০	সংগৃহীত বোরো'২১ সিন্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	মহিষবাথান এলএসডি	ঐ	ঐ	১০০০	ঐ	ঐ	
৩.	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ এলএসডি	পাবনা	মুলাডুলি সিএসডি	১০০০	ঐ	ঐ	
৪.	নাটোর	বনগাড়া এলএসডি	ঐ	ঐ	১১০০	ঐ	ঐ	
				মোট =	৪১০০			

## নির্দেশনাসমূহ:

- (১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;
- (২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্টেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;
- (৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- (৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহত্ব চালের বস্তার অপর গীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;
- (৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৩-৮-২০২১

মোঃ ফজলে রামী হায়দার  
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৮৯৮/১(১২)

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮  
২৩ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর, রাজশাহী
- ১২) ব্যবস্থাপক, সান্তাহার/মুলাডুলি সিএসডি



২৩-৮-২০২১

মোঃ ফজলে রাক্মী হায়দার  
উপপরিচালক